দৈনিক সংবাদ

তারিখ 08 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৪

129

### এসএসসি পরীক্ষার ফরম পূরণ

# মির্জাপুরে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ

মির্জাপুর (টাঙ্গাইল), ৭ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– মির্জাপুর থানার বিভিন্ন উচ্চ বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের নিকট থেকে এস,এস,সি পরীক্ষার ফরম পূরণে নানা প্রকার ফি ধার্যের মাধ্যমে অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে। ফলে অনেক ছাত্র–ছাত্রীর অভিবাবক এস,এস,সি পরীক্ষার ফরম পূরণের এই অতিরিক্ত টাকা যোগাড় করতে হিমশিম খাচ্ছে।

৪টি বালিকা বিদ্যালয়সহ এ থানার ৩২টি উচ্চ বিদ্যালয় থেকে প্রায় ৩ সহস্রাধিক ছাত্র–ছাত্রী আগামী এস,এস,সি পরীক্ষায় অংশ নেবে বলে বিভিন্ন সূত্র থেকে জানা গেছে। এই এস,এস,সি পরীক্ষার ফরম পূরণের জন্য বোর্ড ফি, জুন পর্যন্ত বেতন, ব্যবহারিক পরীক্ষার ফি, পিয়নের বকশিশ এবং সেশনচার্জসহ বড়জোর ৮শ' থেকে ৮ শত ৫০ টাকা লাগার কথা। অথচ এ থানার বিভিন্ন উচ্চ বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের নিকট থেকে হরেকরকম ফি ধার্যের মাধ্যমে যেমন (ফরম বোর্ড অফিসে জমা দেয়ার জন্য প্রতি ছাত্র–ছাত্রীর নিকট থেকে যাতায়াত ফি ৫০ টাকা, কোচিং ফি ৪শ' থেকে ৪শ' ৫০ টাকা, আসবাবপত্র বা উন্নয়ন ফি ৭৫ টাকা ২৫০ টাকা)সহ এস,এস,সি পরীক্ষার ফরম পূরণের জন্য নেয়া হচ্ছে ১৪শ' থেকে ১৫শ' ৫০ টাকা পর্যন্ত।

এস,এস,সি পরীক্ষার ফরম পূরণে ছাত্র–ছাত্রীদের নিকট থেকে হরেকরকম ফি ধার্যের মাধ্যমে অতিরিক্ত এই টাকা আদায়ের ব্যাপারে এ থানার বেশ কয়েকটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে যোগাযোগ করলে তারা 'সংবাদ'কে জানান যে, এটা তাদের সমিতি ঃ সিদ্ধান্ত।

এদিকে এস,এস,সি পরীক্ষার ফরম পূরণের এই অতিরিক্ত টাকা যোগাড় করতে অনেক ছাত্র–ছাত্রীর অভিভাবক হিমশিম খাচ্ছে। অনেক ছাত্রছাত্রীর অভিভাবক তাদের সন্তানদের ভবিষ্যৎ চিন্তা করে এই অতিরিক্ত টাকা অনেক কষ্টে যোগাড় করে দিতে বাধ্য হচ্ছে। অনেকে আবার বোর্ড থেকে ফরম পূরণের চিন্তা–ভাবনা করছেন বলেও জানা গেছে।